

আর কতদিন

খন্দকার মইন রহমান---

সোহাগিনী ললনা
করে শুধু ছলনা,
ত্রু দুটো নাচিয়ে
মাজাটাকে বাঁকিয়ে
লাল ঠোটে আহবান
হৃদয়েতে দেয় টান
বুকে ঢেউ খেলিয়ে
লাল চুল ঝাঁকিয়ে
দুচোখের ইশারায়,
ফ্যাশনের ধাক্কায়
ছেলেদের প্রান কাড়ে
তাই ছেলে পিছু ধরে।
কিছু দূর এগিয়ে
চোখ দুটো রাঙ্গিয়ে
যা খুশি মুখে বলে
বেঁকে বেঁকে আগে চলে।

মন করে নিস পিস,
ক্যান তোরা পিছু নিস
আর কতো অপমান
সয়ে যাব আমরণ
যদি করি অনশন
ধরবনা মেয়ে মন
ললনারা দাম দিক
আমাদের পিছু নিক
দেখবিজে সব ঠিক।

